# দুর্নীতির বিরুদ্ধে নারী ঃ ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতা ২০১৪

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার ব্রত নিয়ে একটি সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে কাজ করছে। দুর্নীতি দেশে সুশাসন প্রতিষ্ঠার প্রধান অন্তরায় এবং দারিদ্র্য বৃদ্ধি ও সামাজিক বৈষম্যের অন্যতম কারণ যার দরুণ সবচেয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে দেশের নারী সমাজ। টিআইবি মনে করে দেশের নারী সমাজ দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনকে বেগবান করতে সক্রিয় ও সহায়ক শক্তির ভূমিকা পালন করতে পারে। তাই এ আন্দোলনে নারীর অংশগ্রহণকে উৎসাহিত করতে এবং নারীর ওপর দুর্নীতির ক্ষতিকর প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার মাধ্যমে একটি জেন্ডার সংবেদনশীল দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে টিআইবি নারী সমাজকে সম্পৃক্ত করে বেশকিছু কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় টিআইবি **আন্তর্জাতিক নারী দিবস ২০১৪** উপলক্ষে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে দুর্নীতিবিরোধী বিতর্ক উৎসবের আয়োজন করতে যাচ্ছে।

**প্রতিযোগিতা ও অংশগ্রহণের নিয়মাবলী:**
বারোয়ারি ও ছায়া সংসদ পদ্ধতিতে অনুষ্ঠিতব্য বিতর্ক প্রতিযোগিতায় কলেজ ও বিশ্ববিদ্যালয়ের একাদশ থেকে স্নাতকোত্তর শ্রেণীর ছাত্র-ছাত্রী বিশেষ করে, বিতার্কিকেরা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে ব্যক্তিগতভাবে আবেদন করতে পারবে। আগামী **২৭ ফেব্রুয়ারি ২০১৪, বৃহস্পতিবারের** মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের বিতর্কে আগ্রহী শিক্ষার্থীদের টিআইবি বরাবর নাম নিবন্ধন করতে হবে। আবেদন করতে যা যা লাগবে -

১. সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান/বিতর্ক ক্লাবের মডারেটরের কাছ থেকে নাম নিবন্ধনের জন্য অনুমতিপত্র (১ কপি),
২. পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি (১ কপি),
৩. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (১ কপি),
৪. যোগাযোগের পূর্ণাঙ্গ ও সঠিক ঠিকানা, মোবাইল নং ও ইমেইলের ঠিকানা (যদি থাকে)।

যেহেতু প্রতিযোগিতাটি ব্যক্তিগত পর্যায়ে (দলগত নয়) অনুষ্ঠিত হবে তাই একটি খামে একাধিক শিক্ষার্থী নাম নিবন্ধনের জন্য আবেদন করতে পারবে। তবে সেইক্ষেত্রে, একটি অনুমতিপত্রে সবার নামসহ বাকীসব (২ - ৪ নং পর্যন্ত) আলাদাভাবে পাঠাতে হবে। খামের উপরে বামদিকে **'দুর্নীতিবিরোধী বিতর্ক উৎসব ২০১৪'** লিখতে হবে।

**আবেদন পাঠানোর শেষ তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০১৪, বৃহস্পতিবার**

**বিশেষ দ্রষ্টব্য:**

- *টিআইবি'র কর্মকর্তা/কর্মচারীদের নিকটাত্মীয়রা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।*
- *প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যাতায়াত, আবাসন বা অন্য কোনো ভাতা প্রযোজ্য হবে না।*

**যোগাযোগের ঠিকানা:**
**খালেদা আক্তার**
প্রোগ্রাম ম্যানেজার, আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন
ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)
বাড়ি # ১৪১, সড়ক # ১২, ব্লক - ই
বনানী, ঢাকা - ১২১৩
**ফোন : ৯৮৮ ৭৮৮৪, ৮৮২৬০৩৬, ফ্যাক্স : ৯৮৮৪৮১১**
**মোবাইল : ০১৭১১ ৪০৫ ১৪৮, ই-মেইল : advocacy@ti-bangladesh.org**